

শেখ আলীমের হাইকু - ৪

চাঁদ নেই সাদা মেঘ নেই
নিঝুম পাতারা কাঁপে না বাতাসে বেগ নেই
ঘুমহীন রাত অটেল সময় আছে।

জাপান বাংলা ক্রোমজমে বাঁধে জুটি
বনলতা চোখ চন্দ্র চিবুক ফুজি মেশে মেঘনায়
মিনি স্কাটে হাইব্রীড মেয়ে যায়।

মসজিদ হতে নামাজের ডাক আসে
পসরা সাজাতে ব্যস্ত দোকানী হাতে নেই অবসর
আকাশে শকুন আজান ধ্বনিত ভাসে।

যাত্রা মঞ্চে রাধা কৃষ্ণের পালা
বেলুনে বাঁশীতে চুড়ী আলতায় রাস পূর্ণিমা মেলা
জোছনায় একা গায়ের কুকুর কাঁদে।

আকাশে দস্যু মেঘ করে লুটপাট
সূর্যমুখীরা শোক সভা ডাকে হ্লুদ মিছিল দোলে
মাঠের পরে মাঠের পরে মাঠ।

মুঠোফোনে বাজে রবি ঠাকুরের গান
পরীর ডানায় ভর করে নামে প্রেয়সীর চিরকুট
শব্দে ও সুরে হৃদয়ের কলতান।